পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
জেনারেল এ্যাডমিন শাখা

দুর্নীতিকে না বলুন, নৈতিকতা মেনে চলুন।

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।

টেলিফোন: ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়ন: pgcl.gov.bd

**নম্বর:** ২৮.১৮.০০০০.০০০.০৩৪.৫৫.০০০৩.১৯.৩৮৯

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**


বিষয়: **কম্পিউটার ক্রয় ঋণ।**

কোম্পানির ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেট সংস্থান হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কম্পিউটার ক্রয় ঋণ/অগ্রিম গ্রহণে আগ্রহী কোম্পানির টাঃ ২২০০০-৫৩০৬০/- ও তদুর্ধ্ব বেতনস্কেলের ১ম শ্রেণির স্থায়ী কর্মকর্তাগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. কোম্পানির বেতনস্কেল-২০১৫ অনুযায়ী টাকা ২২০০০-৫৩০৬০/- ও তদুর্ধ্ব বেতনস্কেলে কর্মরত কোম্পানির ১ম শ্রেণির নিয়মিত কর্মকর্তাগণ কম্পিউটার ক্রয় ঋণ/অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন।
২. চাকরিতে স্ব স্ব পদে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে এ অগ্রিম প্রদানের নীতি অনুসৃত হবে এবং এতদসংক্রান্ত কমিটির সুপারিশের ভিত্তিতে এ ঋণ মঞ্জুর করা হবে।
৩. চলতি অর্থবছরে (২০২৬-২০২৭) অনুমোদিত বাজেট বরাদ্দের মধ্যে এ অগ্রিম/ঋণ প্রদান সীমাবদ্ধ থাকবে এবং বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ অনুযায়ী উক্ত ঋণ/অগ্রিম প্রাপ্তব্য কর্মকর্তার সংখ্যা নির্ধারিত হবে।
৪. এ খাত হতে সর্বোচ্চ ১২ (বার) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ অগ্রিম/ঋণ হিসাবে প্রদান করা হবে; যা কোনক্রমেই ৬০,০০০/- (ষাট হাজার) টাকার অধিক হবে না।
৫. এ অগ্রিম/ঋণ সুদে-আসলে সর্বোচ্চ ৬০ (ষাট) টি সমান মাসিক কিস্তিতে আদায় করা হবে এবং অগ্রিম/ঋণ উত্তোলনের পরবর্তী মাসের বেতন হতে কিস্তি আদায় শুরু করা হবে।
৬. কম্পিউটার ক্রয়ের উদ্দেশ্যে গৃহীত অগ্রিম/ঋণের উপর বার্ষিক শতকরা টা: ১০/- হারে সার্ভিস চার্জ আদায়যোগ্য হবে। তবে কিস্তি অনুযায়ী ঋণ/অগ্রিম পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক শতকরা ১১/- (এগার) টাকা মাত্র চক্রবৃদ্ধি হারে সুদ আদায় করা হবে।
৭. এ ঋণ/অগ্রিম মঞ্জুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাকে তাঁর সমপদমর্যাদা সম্পন্ন অথবা তদুর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন ০২ (দুই) জন কর্মকর্তা কর্তৃক ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জামানতের অঙ্গীকারনামা (Surety Bond) প্রদান করতে হবে। একই ব্যক্তি ০২ (দুই) জনের অধিক আবেদনকারীর জন্য জিম্মাদার হতে পারবেন না।
৮. কম্পিউটার ক্রয় ঋণ/অগ্রিম প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে কম্পিউটার ক্রয়ের যথাযথ ভাউচার/ক্যাশ মেমো অবশ্যই কোম্পানির প্রশাসন ডিভিশন/জেনারেল এ্যাডমিন শাখায় দাখিল করতে হবে। কম্পিউটার ক্রয়ের জন্য মঞ্জুরিকৃত অগ্রিমের অর্থ কম্পিউটার ক্রয়ের পরিবর্তে অন্য কোন উদ্দেশ্যে ব্যয় করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. কোম্পানির কোন কর্মকর্তা একবার কম্পিউটার ক্রয় ঋণ/অগ্রিম গ্রহণের পরবর্তী ১০ (দশ) বছরের মধ্যে পুনরায় কম্পিউটার ক্রয় ঋণ/অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন না।
১০. ঋণ/অগ্রিম গ্রহণকারী কোন কর্মকর্তার কম্পিউটার ক্রয় ঋণ/অগ্রিম এর কিস্তি চাকরিকালীন সময়ের মধ্যে আদায় করা সম্ভব না হলে অবশিষ্ট কিস্তিসমূহের অর্থ তার চাকরি ত্যাগ/অপসারণ/অবসর গ্রহণের সময় চূড়ান্ত পাওনাদি হতে আসল ও সার্ভিস চার্জ এককালীন আদায়/সমন্বয় করা হবে।
১১. উল্লিখিত শর্তসমূহ কর্তৃপক্ষ যেকোন সময় পরিবর্তন/পরিবর্ধন বা স্থগিত করতে পারবে এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে গণ্য হবে।
১২. এছাড়া সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে এ ঋণ প্রদেয় হবে।

উপর্যুক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে কম্পিউটার ক্রয় ঋণ/অগ্রিম গ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (সংযুক্তি-১)। আবেদনপত্র আগামী ০৬/০৮/২০২৬ তারিখের মধ্যে প্রশাসন ডিভিশন-এ জমা প্রদান করতে হবে। কোনক্রমেই নির্ধারিত তারিখের পর/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত আবেদন ফরম কোম্পানির জেনারেল এডমিন শাখা হতেও সংগ্রহ করা যাবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।



১৩-০৭-২০২৬
মোঃ সাহিনুর আলম
মহাব্যবস্থাপক (প্রশাসন), চ.দা
ফোন : ০২৫৮৮৮৩১৪৪৮
ইমেইল : gm.admin@pgcl.org.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৩। সংশ্লিষ্ট সকল মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৪। কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক, কোম্পানী সচিবালয় ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
৫। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), অর্থ ডিভিশন, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
৬। সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৭। সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
৮। ব্যবস্থাপক, পেনশন শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৯। ব্যবস্থাপক, বাস্তবায়ন পরিবীক্ষণ ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
১০। ব্যবস্থাপক, এডিপি শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
১১। সংশ্লিষ্ট সকল উপ-ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
১২। উপব্যবস্থাপক, আর্থিক হিসাব শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
১৩। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এঁর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
১৪। সংশ্লিষ্ট সকল সহকারী ব্যবস্থাপক ও সমমানের কর্মকর্তা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
১৫। সহকারী ব্যবস্থাপক, এইচ আর ডি এন্ড লাইব্রেরী শাখা, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।

**পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড**
**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ।

## কম্পিউটার ক্রয় ঋণ/অগ্রিম মঞ্জুরির আবেদনপত্র
## (অর্থ বৎসর ঃ )

| | | | |
|---|---|---|---|
| ০১। | আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) | ঃ | ---------------------------------------------------------------- |
| ০২। | পদবি ও ব্যক্তিগত কোড নং | ঃ | পদবি -----------------------------কোড নং -------------------- |
| ০৩। | পিতা/স্বামীর নাম | ঃ | ---------------------------------------------------------------- |
| ০৪। | স্থায়ী ঠিকানা | ঃ | গ্রাম----------------------------ডাকঘর ----------------------- <br> উপজেলা--------------------------জেলা----------------------- |
| ০৫। | বর্তমান ঠিকানা | ঃ | গ্রাম----------------------------ডাকঘর ----------------------- <br> উপজেলা--------------------------জেলা----------------------- |
| ০৬। | <u>চাকরিকালীন তথ্যাবলী ঃ</u> | | |
| | ক) চাকরিতে যোগদানের তারিখ | ঃ | পদের নাম---------------------------, তারিখ------------------- |
| | খ) বর্তমান পদে যোগদান/পদোন্নতির তারিখ | ঃ | পদের নাম---------------------------, তারিখ------------------- |
| ০৭। | জন্ম তারিখ | ঃ | জন্ম তারিখ ------------------------------------------------ |
| ০৮। | বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে বয়স | | বয়সঃ-------------বৎসর ------------- মাস ---------------দিন |
| ০৯। | জাতীয়তা | ঃ | ---------------------------------------------------------------- |
| ১০। | বর্তমান বেতন স্কেল | ঃ | ---------------------------------------------------------------- |
| ১১। | বর্তমান মূলবেতন | ঃ | ---------------------------------------------------------------- |
| ১২। | চাহিদাকৃত ঋণ/অগ্রিমের পরিমাণ | ঃ | টাকা ----------------------------------------------------------- |
| ১৩। | কম্পিউটার ক্রয়ের জন্য ইতঃপূর্বে ঋণ/অগ্রিম গ্রহণ করিয়া থাকিলে ঋণ/অগ্রিম গ্রহণের তারিখ ও অর্থের পরিমাণ | ঃ | ---------------------------------------------------------------- |

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে যে সকল তথ্যাদি পরিবেশন করা হইয়াছে তাহা আমার জ্ঞানতঃ সত্য এবং আমি হলফ্ করিয়া বলিতেছি যে, আমি কোন তথ্য গোপন করি নাই।

.....................................
আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

প্রতি স্বাক্ষর ঃ ..................................................
(ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা প্রধান)

**প্রতি ঃ মহাব্যবস্থাপক (প্রশাসন),**
**পিজিসিএল, নলকা, সিরাজগঞ্জ।**

### <u>আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরযোগ্য সনদপত্র ঃ</u>

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমা কর্তৃক গৃহীত ঋণ আমার নিজের জন্য কম্পিউটার ক্রয়ের কাজে খরচ করিব। এই চুক্তি ভঙ্গ করিলে পরবর্তীতে কোম্পানির কম্পিউটার ঋণ মঞ্জুরির বিধিমালা মোতাবেক কম্পিউটার ক্রয়ের নিমিত্ত গৃহীত ঋণের সম্পূর্ণ টাকা সুদসহ এক কিস্তিতে কোম্পানিকে ফেরৎ দিতে বাধ্য থাকিব।

আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ঃ

নাম ঃ -------------------------------------------------
পদবি ঃ -----------------------------------------------
তারিখ ঃ ----------------------------------------------

আবেদনকারীর স্বাক্ষর ঃ -----------------------------------

নাম ঃ ---------------------------------------------------
পদবি ঃ -------------------------------------------------
তারিখ ঃ ------------------------------------------------

**বিঃ দ্রঃ নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বলিতে ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা/প্রকল্প প্রধানকে বুঝাইবে।**